গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
১৪, আব্দুল গণি রোড, ঢাকা।

পরিপত্র

গভীর উদ্বেগের সহিত লক্ষ করা যাইতেছে যে, সর্বশেষ খতিয়ান অথবা খতিয়ানের সহি মোহরীয় নকলের পরিবর্তে খসড়া পর্চা অথবা Information Slip ও অন্য কোন কাগজের ভিত্তিতে দলিল প্রস্তুতক্রমে রেজিস্ট্রির জন্য উপস্থাপন কর হয় মর্মে বিভিন্ন সূত্র হইতে তথ্য পাওয়া যাইতেছে। ফলে নানাবিধ প্রশাসনিক জটিলতা সৃষ্টিসহ জন সাধারণের নানারূপ ভোগান্তির কারণ হয়- যাহা কোনক্রমেই গ্রহণীয় /কাম্য নহে।

উদ্‌ভুত অনভিপ্রেত অবস্থা পরিহার এর লক্ষে The Registration (Amendment) Act, 2004 এর Section 52A যথাযথভাবে অনুসরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে দলিল রেজিস্ট্রির সময় সর্বশেষ চূড়ান্ত খতিয়ান অথবা খতিয়ানের সহি মোহরীয় নকল প্রদর্শন করতঃ উহার ফটোকপি সাব-রেজিস্ট্রি অফিসে সংরক্ষণ করিতে হইবে এবং অফিস পরিদর্শন এর সময় ও কোন দলিলের বিষয়ে অভিযোগ উত্থাপিত হইলে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট তাৎক্ষনিকভাবে উহা প্রদর্শন করিতে হইবে।

উক্ত খতিয়ানের ফটোকপি এস,এ,টি অ্যাক্ট নোটিশের সঙ্গে সংরক্ষণ করিতে হইবে এবং একত্রে বিনষ্টযোগ্য হইবে।

ইহা তাহার (জেলা রেজিস্ট্রার) জেলাধীন সকল সাব-রেজিস্ট্রারকে জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য তাহাকে নির্দেশ প্রদান করা হইল।

এই পরিপত্র একই স্মারক [স্মারক নং ২১০২(৬৯) তারিখ ২০.০২.২০০৭ ইং] এর স্থলাভিষিক্ত হইবে।

স্বাঃ
মোঃ মিজানুর রহমান
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- নিপ/পরিদর্শন/২২৪০(৬৯) তারিখঃ ২৬.০২.০৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে প্রেরণ করা হইলঃ

১।......…………......

২।.......................

স্বাঃ
তারিখ- ২৬.০২.২০০৭
মোঃ মিজানুর রহমান
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।